গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
মোল্লাহাট, বাগেরহাট
doict.mollahat.bagerhat.gov.bd

সভার নাম : মাসিক আইসিটি সভা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ২৩.০৫.২০২৬ সকাল : ১১.৩০ ঘটিকা।
সভাপতি : সুমনা আইরিন
উপজেলা নির্বাহী অফিসার
মোল্লাহাট, বাগেরহাট।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার উপস্থিত সদস্যগণের নিকট নিজ প্রতিষ্ঠান এর আইসিটি বিষয়ক কার্যক্রম সংক্রান্ত বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হয়। সভাপতি মহোদয় উপজেলা আইসিটি সংক্রান্ত সকল কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ জানান। সভায় উপস্থিত সদস্যগন তাদের গৃহীত পদক্ষেপ ও বিভিন্ন সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | **জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণ** | ক) উপজেলা সরকারি অফিসঃ উপজেলা সরকারি অফিস সমূহের নিজস্ব ওয়েব পোর্টাল হালনাগাদ করা নিয়মিতভাবে একান্ত প্রয়োজন। আধুনিক বাংলাদেশ বিনির্মাণে তথ্য সহজলভ্য করার জন্য প্রতিটি সরকারি অফিসের আইনগত বাধ্যবাধকতা রয়েছে।<br>খ)ইউনিয়ন পোর্টালঃ বাংলাদেশের নাগরিক সুবিধা গ্রাম গঞ্জে পৌঁছে দেয়ার জন্য বর্তমান সরকার বদ্ধপরিকর। নাগরিক সেবা জনগনের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য বাংলাদেশের প্রতিটি ইউনিয়নের জন্য রয়েছে জাতীয় তথ্য বাতায়ন। ইউনিয়নের সকল তথ্য হালনাগাদ করা একান্ত জরুরী। | ১) মোল্লাহাট উপজেলার সকল দপ্তরকে দ্রুত তাদের নিজ দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ (বাংলা ও ইংরেজি উভয় ভার্সন) করার জন্য অনুরোধ করা হয়।<br>২) সরকারি সকল অফিসের কার্যক্রম যেমন নোটিশ, কার্যবিবরণী, কর্মকর্তা/ কর্মচারীদের হালনাগাদ তথ্য, সিটিজেন চার্টার জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ওয়েব পোর্টাল এর সেবা বক্স, মেনু সমূহ নির্দেশিকা অনুসারে দ্রুত হালনাগাদ করার অনুরোধ করা হয়।<br>৩) ইউনিয়ন পরিষদ সচিবদের তথ্য হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়।<br>৪) ওয়েবপোর্টাল এর যেকোনো কারিগরি ত্রুটি সহকারী প্রোগ্রামারকে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়। | স্ব-স্ব সরকারি দপ্তরের দপ্তর প্রধান, ইউনিয়ন পরিষদ সচিব, ও কারিগরি সহায়তায় সহকারী প্রোগ্রামার |
| ২ | **শিক্ষায় আইসিটি এর যথাযথ ব্যবহার** | শিক্ষা প্রতিষ্ঠান এ আইসিটি এর ব্যবহার তারান্বিত করার জন্য শিক্ষকদেরকে "শিক্ষক বাতায়ন ও মুক্তপাঠ" এর ওয়েবসাইট থেকে কন্টেন্ট গুলো ডাউনলোড করে মাল্টিমিডিয়া ক্লাস রুম এ ক্লাস নেয়ার বিষয় আলোচনা করা হয়। | পাঠদানের সুবিধার্থে প্রতিটি বিষয়ের ডিজিটাল কন্টেন্ট এর ব্যবহার বৃদ্ধি করা | শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | **আইসিটিডি ল্যাব** | মোল্লাহাট উপজেলায় ০৬টি **আইসিটিডি ল্যাব** রয়েছে। ল্যাবগুলোর বর্তমান অবস্থা ও নতুন প্রক্রিয়াধীন ল্যাবগুলোর সার্বিক অবস্থা নিয়ে আলোচনা করা হয়। এই ল্যাব সমূহ নিয়মিত ব্যবহার করা প্রসংঙ্গে আলোচনা করা হয়। ক্লাস রুটিনে ল্যাবের ক্লাসগুলো অর্ন্তভুক্ত করতে হবে। অচল ল্যাপটপ গুলো জরুরীভিত্তিতে সচল করার ব্যবস্থা প্রসঙ্গে আলোচনা করা হয়। | ০১) ল্যাব ব্যবহারের রেজিষ্ট্রার তৈরি করা। ক্লাস রুটিন এর সাথে সমন্বয় করে ল্যাব ব্যবহারের সংখ্যা বৃদ্ধি করা। যতগুলো ক্লাস ও প্রশিক্ষণ ল্যাবে নেওয়া হবে তা রেজিষ্ট্রারে লিখে রাখা। প্রতি মাসে ল্যাব ব্যবহারের রেজিষ্ট্রার এর ছবি "আইসিটি ল্যাব মোল্লাহাট" হোয়াটসঅ্যাপ গ্রুপে শেয়ার করা।<br>০২) পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান এর শিক্ষার্থীদের ল্যাব ব্যাবহারের সুযোগ তৈরি করে দেওয়া।<br>০৩) **আইসিটিডি ল্যাব** এর নষ্ট সরঞ্জামাদি ১৫ দিনের মধ্যে মেরামতের ব্যবস্থা নেওয়া।<br>০৪) প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে ল্যাবের জন্য নতুন কম্পিউটার ক্রয় করে ল্যাবের সক্ষমতা বৃদ্ধি করা। | উপজেলা আইসিটি অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, একাডেমিক সুপারভাইজার, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ |
| ৪ | **ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) ও উপজেলা ডিজিটাল সেন্টার** | যে সকল উদ্যোক্তা আরও উদ্যোক্তা তৈরি করতে আগ্রহী বা নিজ উদ্যোগে নতুন আয়ের উৎস তৈরি করতে সক্ষম তাদেরকে উপজেলা প্রশাসন হতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা। | উদ্যোক্তাদের আয় ব্যয়ের হিসাব যথাসময়ের মধ্যে প্রতিবেদন আকারে পাঠানো। | ইউ ডি সি উদ্যোক্তা |
| ৫ | **ইন্টারনেট এর যথাযথ ব্যবহার ও গতি বৃদ্ধি করা** | সরকারি বিভিন্ন প্রকল্প দ্বারা স্থাপিত ব্রডব্যান্ড কানেকশন ও বিভিন্ন বে-সরকারী আইএসপি এর সেবার মান বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলায় ইন্টারনেট এর গতি বাড়ানোর জন্য সংশ্লিষ্ট ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার দের দ্রুত ব্যাবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়। | আইএসপি ও ভেন্ডর কোম্পানী |
| ৬ | **ই-নথি/ ডি-নথি** | সরকারী বিভিন্ন দপ্তরের ই-নথি/ডি নথির মাধ্যেমে অফিসিয়াল কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে উপজেলা আইসিটি অফিস থেকে প্রশিক্ষণ দেওয়া। | দাপ্তরিক কাজে ই- নথি /ডি- নথি ব্যবহার বৃদ্ধি করা। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| ৭ | **সাইবার নিরাপত্তা বিষয়ক** | জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সি এর উপজেলা কার্যালয় হিসাবে আইসিটি অফিস সমূহকে নির্ধারণ করা হয়েছে। সাইবার সিকিউরিটি হেল্পডেস্ক স্থাপন করা হয়েছে। | সাইবার সিকিউরিটি হেল্পডেস্ক এর মাধ্যমে জনগণকে সাইবার নিরাপত্তা সেবা প্রদান করা। | উপজেলা আইসিটি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | সিসি ক্যামেরা স্থাপনে এবং মনিটরিং বিষয়ক | সিসি ক্যামেরা স্থাপনে এবং চালুকরণে সার্বিক সহযোগিতা প্রদানসহ মনিটরিং করতে হবে। | ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (SSC) পরীক্ষা এর সকল কেন্দ্রে সিসি ক্যামেরা সচল রাখা এবং নিয়মিত মনিটারিং করা। | উপজেলা আইসিটি অফিসার |

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সঠিক সময়ে পালন করার অনুরোধ করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.০৫.২৬

(সুমনা আইরিন)
উপজেলা নির্বাহী অফিসার,
মোল্লাহাট, বাগেরহাট
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি,
মোল্লাহাট, বাগেরহাট
ফোন: ০২৪৭৭৭ ৫৪৬৯৯
unomollahat@mopa.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০১৫৬.০০০.০০০.১৮.০০০১.২৬.৮৮

তারিখঃ ২৩/০৫/২০২৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। জেলা প্রশাসক, বাগেরহাট।
৩। প্রোগ্রামার, জেলা কার্যালয় ,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট।
৪। জনাব/বেগম.......................................।
৫। অফিস কপি।

২৩.০৫.২৬

( মো: মুনিরুজ্জামান)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি,
মোল্লাহাট, বাগেরহাট।